# আল-আম্বিয়া | Al-Anbiya | ٱلْأَنْبِيَاء

আয়াতঃ ২১ : ১০০

## আরবি মূল আয়াত:

لَهُمۡ فِیۡهَا زَفِیۡرٌ وَّ هُمۡ فِیۡهَا لَا یَسۡمَعُوۡنَ ﴿۱۰۰﴾

## অনুবাদসমূহ:

সেখানে থাকবে তাদের আর্তনাদ, আর সেখানে তারা শুনতে পাবে না। — আল-বায়ান

সেখানে তারা ফুঁপিয়ে ফুঁপিয়ে কাঁদবে, সেখানে কিছুই শুনবে না। — তাইসিরুল

সেখানে থাকবে তাদের আর্তনাদ এবং সেখানে তারা কিছুই শুনতে পাবেনা। — মুজিবুর রহমান

For them therein is heavy sighing, and they therein will not hear. — Sahih International

১০০. সেখানে থাকবে তাদের নাভিশ্বাসের শব্দ(১) এবং সেখানে তারা কিছুই শুনতে পাবে না;

(১) ভয়ংকর গরম, পরিশ্রম ও ক্লান্তিকর অবস্থায় মানুষ যখন টানা টানা শ্বাস বের করতে থাকে সেটাকে বলা হয় “যাফীর”। আর সে শ্বাস টানাকে বলে “শাহীক”। [ইবন কাসীর]

তাফসীরে জাকারিয়া

(১০০) সেথায় থাকবে তাদের আর্তনাদ এবং সেথায় তারা কিছুই শুনতে পাবে না। [1]

[1] অর্থাৎ সকলেই কঠিন দুঃখ-কষ্টে আর্তনাদ করতে থাকবে। যার ফলে তারা একে অপরের আওয়াজও শুনতে পাবে না।

তাফসীরে আহসানুল বায়ান

Source — https://www.hadithbd.com/quran/link/?id=2583

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন